# বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
## উদ্যান বিজ্ঞান অনুষদ
## মোহনপুর, নদীয়া

Tender Notice No. F. Hort./144
Dated: 16-12-2021

তারিখঃ ১৬-১২-২০২১

## টেন্ডার নোটিশ

**বিষয়ঃ - বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যান বিজ্ঞান অনুষদের অধীনস্থ মন্ডৌরী হর্টিকালচার ফার্মের নারকেল গাছের আগামী দুই বছরের ফলের জন্য নীলামের বিজ্ঞপ্তি।**

মন্ডৌরী হর্টিকালচার ফার্মের চিহ্নিত করা মোট ৩৭৮ টি নারকেল গাছ এই টেন্ডারের আওতার মধ্যে থাকবে না [৭৫ টি নারকেল গাছ AICRP on Plams Office Building এর দক্ষিনদিকে এবং ৩০৩ টি নারকেল গাছ মন্ডৌরী হর্টিকালচার ফার্মের উত্তর দিকে পাম্প রুমের এর কাছে (৭৫+৩০৩) = মোট ৩৭৮ টি)।

এই নীলামের আওতার মধ্যে **মন্ডৌরী** হর্টিকালচার ফার্মের উপরিউল্লিখিত নারকেল গাছগুলি ব্যতীত, সমস্ত নারকেল গাছ গুলির আগামী ২ (দুই) বছরের ফলগুলি থাকিবে। অন্য কোন প্রকার গাছ বা গাছের কোন অংশ বা গাছ হইতে উৎপন্ন কোন সামগ্রী (যেমন- সবজি, ফুল, মশলা ইত্যাদি) এই নীলামের আওতায় নাই।

এই নীলামের আওতাধীন নারকেল গাছগুলির ভার লইবার **২ (দুই) বছরের** মধ্যে গাছগুলির ভার কর্তৃপক্ষকে বুঝাইয়া দিতে হইবে এবং তাহার পূর্বে, নারকেল গাছগুলির তলা সম্পূর্ণরূপে পরিষ্কার করিয়া দিতে হইবে, অন্যথায় উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হইবে।

উৎসাহী ব্যক্তিগণ বিশ্ববিদ্যালয়ের যেকোন কাজের দিনে সকালে ৮টা হইতে বেলা ১১টার মধ্যে ফার্ম-ইন-চার্জ, মন্ডৌরী হর্টিকালচার ফার্মের অনুমতি সাপেক্ষে এই নীলামের আওতাধীন নারকেল গাছগুলি স্বচক্ষে পরিদর্শন করিতে পারেন।

১। দরপত্র নির্দিষ্ট ফর্মে জমা দিতে হইবে। নির্দিষ্ট ফর্ম মন্ডৌরী হর্টিকালচার ফার্ম, এবং জাগুলী হর্টিকালচার ফার্ম- এর অফিস হইতে, বিশ্ববিদ্যালয়ের কাজের দিনগুলিতে সকাল ৮টা হইতে দুপুর ১১টার মধ্যে পাওয়া যাইবে। **প্রতিটি নির্দিষ্ট ফর্মের বিক্রয়মূল্য ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র**।ফর্মের ফটো কপি বা অন্য কোন কপি গ্রাহ্য করা হইবে না। ১৬-১২-২০২১ তারিখের পূর্বে যেসব ফর্ম বিক্রীত হইয়াছে, কিন্তু ক্রেতাগন সেগুলির মাধ্যমে ইতিমধ্যে নিয়মানুযায়ী আবেদন করেননি, সেইসব ফর্ম বাতিল বলিয়া গন্য করা হইবে । ফর্ম হস্তান্তরযোগ্য নয়।, যে ব্যক্তি ফর্ম ক্রয় করিবেন সেই ব্যক্তি নিজে আবেদন করিবেন। ফর্ম কেনার সময় যে **DCR** দেওয়া হইবে তার **Xerox copy** ফর্ম জমা দেওয়ার সময় ফর্ম এর সাথে যুক্ত করিয়া দিতে হইবে।

২। আবেদনকারীকে ফর্ম সম্পূর্ণভাবে এবং পরিষ্কারভাবে ভর্তি করিতে হইবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহন করা হইবে না। ফর্ম মুখবন্ধ এবং সীল করা খামে জমা দিতে হইবে **Registered Post** অথবা **Speed Post- এর মাধ্যমে। খামের উপরিভাগে দরপত্রকারীকে অবশ্যই সংশ্লিষ্ট টেন্ডার নোটিশ নং উল্লেখ করিয়া দিতে হইবে।** ডাক বিভাগের কোনরূপ বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। **এছাড়াও দরপত্র হর্টিকালচার ডিন অফিসে রক্ষিত ড্রপবক্সে ফেলা যাইবে।**

৩। বিভাগীয় সর্বনিম্ন মূল্যের নীচের কোন দর গ্রাহ্য করা হইবে না এবং সেক্ষেত্রে কর্তৃপক্ষ ফেরতযোগ্য Earnest money বাজেয়াপ্ত করিতে পারেন।

৪। সর্বদা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য করা হইবে এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের তা মানিয়া নিতে হইবে

৫। দরপত্রের সহিত ৭৭৫০/- (সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র ফেরতযোগ্য Earnest money **"Bidhan Chandra Krishi Viswavidyalaya"**-এর অনুকূলে জমা দিতে হইবে, যেকোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হইতে কাটা **A/c Payee Demand Draft**- এর মাধ্যমে, **Payable at S.B.I, Kalyani Branch (IFSC-SBIN0001082)** অথবা **P.N.B., BCKVV Branch (IFSC-PUNB0075920)**। প্রয়োজনীয় EARNEST MONEY যথাযথ আকারে না থাকিলে দরপত্র সরাসরি বাতিল করা হইবে। মনোনীত ব্যক্তিকে ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট হিসাবে ৩১০০০/- (একত্রিশ হাজার) টাকা মাত্র জমা করিতে হইবে। সেক্ষেত্রে তার Earnest money ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট -এ রূপান্তরিত হয়ে যাবে এবং মনোনীত ব্যক্তিকে ২৩২৫০/- (তেইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা জমা করিতে হইবে। মনোনীত ব্যক্তিকে ফেরৎযোগ্য সিকিউরিটি ডিপোজিট এবং আবেদন পত্রে উল্লিক্ষত দরের টাকা আলাদাভাবে "Bidhan Chandra Krishi ViswaVidyalaya"- এর অনুকূলে দুইটি A/C Payee Demand Draft, **payable at S.B.I , Kalyani Branch (IFSC-SBIN0001082)** অথবা **P.N.B., BCKVV Branch (IFSC-PUNB0075920)** - এর মাধ্যমে জমা করিতে হইবে। মনোনীত ব্যক্তির ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট নারকেল গাছগুলি কর্তৃপক্ষকে হস্তান্তর করিবার পর সংশ্লিষ্ট ফার্ম-ইন-চার্জের শংসাপত্রের ভিত্তিতে ফেরত দেওয়া হইবে। এ ব্যাপারে কোনরকম সুদ পাওয়া যাইবে না।

৬। দরপত্রকারীদের সর্বোচ্চ দর পরিষ্কারভাবে কথায় এবং সংখ্যায় ফর্মে উল্লেখ করিতে হইবে। উল্লিখিত দরের উপর কোন কাটাকাটি (**Over writing**) চলিবে না। ফর্মে দরপত্রকারীর **PAN এবং Phone No.** নম্বর উল্লেখ করা আবশ্যিক।

৭) বিশ্ববিদ্যালয়ের কাজের দিনগুলিতে বেলা বারোটার (১২:০০) মধ্যে ফল গুলি পাড়তে হবে। ফল পাড়ার আগে **AICRP on Palms** এর **Officer In-Charge** কে অবগত করতে হবে।

৮) যে নারকেল গাছগুলিতে গোল মরিচ গাছ আছে, সেই গাছগুলিতে নারকেল ফল পাড়ার সময় অতি অবশ্যই মই ব্যবহার করতে হবে

৯। মনোনীত দরপত্রকারীকে লিখিত পত্রে উল্লিখিত সময়ের মধ্যে তাঁহার দরপত্রে উল্লিখিত দরের সমস্ত টাকা এবং সিকিউরিটি ডিপোজিট একসাথে জমা দিতে হইবে। টেন্ডারের সময়সীমা শেষ হওয়ার সাথে সাথে কর্তৃপক্ষকে গাছগুলির ভার বুঝাইয়া দিতে হইবে, অন্যথায় তাঁহার দরপত্র বাতিল এবং সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত করা হইবে।

১০। নারকেল চুরি বা নষ্ট হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। গাছগুলির রক্ষনাবেক্ষনের দায়িত্ব মনোনীত দরপত্রকারীর উপর বর্তাইবে। দরপত্রকারী নারকেল গাছগুলির রক্ষনাবেক্ষনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা কর্তৃপক্ষের অনুমতি নিয়ে করিতে পারেন।

১১। গবেষণার / শিক্ষার জন্য প্রয়োজনীয় নারকেল গাছ / নারকেল গাছগুলি বা নারকেল গাছের / নারকেল গাছগুলির বিভিন্ন অংশ ব্যবহার করা হইতে পারে। দরপত্রকারী গবেষণার / শিক্ষার জন্য প্রয়োজনীয় ফল ফার্ম-ইন-চার্জ, মন্ডৌরী হর্টিকালচার ফার্ম- এর অনুমতি সাপেক্ষে সুলভমূল্যে উপযুক্ত সময়ে স্নাতকোত্তর ছাত্র/ছাত্রী/বিজ্ঞানীদের গবেষণার জন্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। গবেষণার জন্য চিহ্নিত করা গাছের ফল সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী/বিজ্ঞানীর সহিত আলোচনা ব্যতিরেকে পাড়া (**Harvest**) যাইবে না। অন্যথায় ফেরৎ যোগ্য সিকিউরিটি ডিপোজিট হইতে ক্ষতিপূরণ আদায় করা হইবে / টেন্ডার বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের থাকিবে। উক্ত বাগানের গাছ, ফল, পাতা ইত্যাদির প্রাকৃতিক বিপর্যয় ব্যতীত অন্য কোন কারণে ক্ষতি হইলে, তাহার ভার টেন্ডার গ্রহীতার উপর বর্তাইবে। গবেষণার ক্ষতি হয় এমন কোন কাজ টেন্ডার গ্রহীতা / তাঁহার মনোনীত ব্যক্তি করিতে পারিবেন না।

১২। দরপত্র **অধ্যক্ষ, উদ্যান বিজ্ঞান অনুষদ, বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, পোঃ- কৃষি বিশ্ববিদ্যালয়, মোহনপুর, নদীয়া ,** পিন কোড নং - ৭৪১২৫২ এই ঠিকানায়, **Registerd Post or Speed Post** এ জমা দিতে হইবে। **Registered Post or** Speed Post -এ আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে নির্দিষ্ট তারিখ এবং সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। ডাকবিভাগের কোনরূপ বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। আবেদনকারীদের এ বিষয়টি মনে রাখিতে হইবে। এছাড়াও দরপত্র হর্টিকালচার ডিন অফিসে রক্ষিত ড্রপবক্সে নির্দিষ্ট তারিখ এবং সময়ের মধ্যে ফেলা যাইবে।

১৩। সর্বোচ্চ মূল্য গ্রহন করিতে কর্তৃপক্ষ বাধ্য থাকিবেন না। যেকোন সময় কোনরূপ কারণ না দর্শাইয়া দরপত্র গ্রহণ / বাতিল করিবার সম্পূর্ণ অধিকার কর্তৃপক্ষের থাকিবে। যেকোন সময় কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ নিয়মাবলীর সংশোধন / পরিবর্তন / সংযোজন / পরিমার্জন করিতে পারেন।

১৪। কোনো জ্ঞাতব্য বিষয় থাকিলে সংশ্লিষ্ট ফার্ম অফিসে যোগাযোগ করিবার জন্য অনুরোধ করা হইতেছে।

১৫। মনোনীত ব্যক্তিকে **Lease Period**- এ ফার্ম কর্তৃপক্ষের সহিত নিয়মিত যোগাযোগ রাখিতে হইবে।

১৬। ফার্মের কোন যন্ত্রপাতি দেওয়া যাইবে না।

১৭। সর্বদা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৮। উপরিউল্লিখিত নিয়মাবলী এবং এই বিষয়ে কর্তৃপক্ষের অন্য কোন নির্দেশ লঙ্ঘন করিলে যে কোন সময় দরপত্রকারীর দরপত্র বাতিল করা হইতে পারে / ফেরতযোগ্য বায়নামূল্য বাজেয়াপ্ত করা হইতে পারে / উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হইতে পারে।

১৯। টেন্ডারের সময়সীমার মধ্যে কোন সময়ে মনোনীত ব্যক্তি নারকেল গাছের নতুন খোলা পাতার মঞ্জরী সহ পরের তিনটি পুষ্পমঞ্জরীর (মোট চারটি পুষ্পমঞ্জরী) কোন ফল (নারকেল গাছের) গাছ হইতে পাড়িতে পারিবেন না ও মঞ্জরীগুলির কোন ক্ষতিসাধন করিতে পারিবেন না। এই নির্দেশ মনোনীত ব্যক্তি/তাঁহার নিযুক্ত ব্যক্তিদের (যদি থাকে) কঠোরভাবে মানিয়ে চলিতে হইবে। অন্যথায় উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হইবে / ফেরতযোগ্য বায়নামূল্য বাজেয়াপ্ত করা হইতে পারে / টেন্ডার বাতিল করা হইতে পারে। এ বিষয়ে কোন অভিযোগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য কয়া হইবে এবং সেই সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে মানিয়া চলিতে হইবে।

২০।মনোনীত ব্যক্তিকে টেন্ডারের সময়সীমার এক বছরের মধ্যে সর্বাধিক ১০টি (দশটি) পুষ্পমঞ্জরী (নারকেল গাছের) ছাত্রছাত্রীদের শিক্ষার জন্য বিনামূল্যে সরবরাহ করিতে হইবে, কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী তারিখ এবং সময়ে।

২১। মনোনীত ব্যক্তিকে টেন্ডারের সময়সীমার এক বছরের মধ্যে সর্বাধিক ৫০টি (পঞ্চাশটি) ফল (নারকেল গাছের) ছাত্রছাত্রীদের শিক্ষার জন্য বিনামূল্যে সরবরাহ করিতে হইবে, কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী তারিখ এবং সময়ে।

**বিভাগীয় সর্বনিম্ন মূল্যঃ- ৩,১০,০০০/- (তিন লক্ষ দশ হাজার টাকা) টাকা মাত্র**

**টেন্ডার ফর্ম বিক্রীর শেষ তারিখঃ- ০৩/০১/২০২২ (সোমবার) ।**

**আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছানোর শেষ তারিখ এবং সময়ঃ- ০৪/০১/২০২২ (মঙ্গলবার) বেলা ২টা ।**

তাং - ১৬-১২-২০২১
মোহনপুর

16.12.2021
অধ্যক্ষ
উদ্যানবিজ্ঞান অনুষদ
বি.সি.কে.ভি. মোহনপুর, নদীয়া

DEAN
Faculty of Horticulture
Bidhan Chandra Krishi Viswavidyalaya
P.O.-Krishi Viswavidyalaya-741252
Dist.- Nadia, West Bengal

Tender Notice No. F. Hort./144
Dated : 16-12-2021